

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৪৩৭৬  
ধর্মনগর, ২৮ ডিসেম্বর, ২০২৩

**ধর্মনগরে ১০ দিনব্যাপী গান্ধী শিল্পবাজার শুরু**

দশ দিনব্যাপী গান্ধী শিল্প বাজার ধর্মনগরে শুরু হয়েছে। গতকাল ধর্মনগরের পুরোনো মোটর স্ট্যাণ্ডে এই শিল্প বাজারের আনুষ্ঠানিক উদ্বোধন করেন উত্তর ত্রিপুরা জিলা পরিষদের সভাপতি ভবতোষ দাস। হস্ততাঁত, হস্ত কাঁরু ও রেশম শিল্প দপ্তরের উদ্যোগে এই শিল্পবাজার আয়োজিত হয়েছে। উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ধর্মনগরের সমাজসেবী শ্যামল নাথ, ধর্মনগর পুর পরিষদের ভাইস-চেয়ারপার্সন মঞ্জু নাথ, রাজ্য সরকারের সচিব এল টি দার্লং, দপ্তরের অধিকর্তা তরুন দেববর্মা, ধর্মনগরের মহকুমা শাসক শ্যামজয় জমাতিয়া প্রমুখ। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ধর্মনগর পুর পরিষদের চেয়ারপার্সন প্রদ্যুৎ দে সরকার। উল্লেখ্য, এই শিল্প বাজারে ৬০টি স্টল খোলা হয়েছে। ত্রিপুরার ৩৩টি স্টল ছাড়াও পশ্চিমবঙ্গ, রাজস্থান, আসাম, উত্তর প্রদেশ, জম্মু ও কাশ্মী স্টলগুলিতে হস্ততাঁত, হস্তকাঁরু ও রেশম শিল্প সম্পর্কিত বিভিন্ন সামগ্রী পাওয়া যাবে। প্রতিদিন দুপুর দুইটা থেকে রাত ৮টা পর্যন্ত স্টল খোলা থাকবে। আয়োজন করা হয়েছে সাংস্কৃতিক অনুষ্ঠানেরও।

\*\*\*\*\*